গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোনা
রাজস্ব (এসএ) শাখা
www.netrokona.gov.bd

স্মারক নম্বর-৩১.৪৫.৭২০০.০০৮.৩৩.২৫১.২২- ১৫৮ তারিখ : ১৬ জানুয়ারি ২০২৩।

## জলমহাল ইজারা প্রদানের নিমিত্ত আবেদন আহ্বান বিজ্ঞপ্তি

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী নেত্রকোণা জেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন (২০ একরের উর্ধ্বে বদ্ধ) ইজারাযোগ্য জলমহাল ১৪৩০-১৪৩২ বঙ্গাব্দ ০৩ (তিন) বছর মেয়াদে (০১ বৈশাখ ১৪৩০ হতে ৩০ চৈত্র ১৪৩২ পর্যন্ত) সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের জন্য ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখার ১৮ ডিসেম্বর ২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)-৪৮ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ-এর নিকট হতে নির্ধারিত সময়সূচি, নিয়মাবলী/শর্তাবলী ও চেকলিস্ট অনুসরণপূর্বক আবেদন আহ্বান করা যাচ্ছে।

### সময়সূচি

| অনলাইনে আবেদন দাখিল | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের বিডি/পে-অর্ডারের মূল কপি সীলগালাকৃত মুখবদ্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিল |
|---|---|
| ০৬ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ/২০.০১.২০২৩ খ্রি.<br>থেকে<br>২৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ/০৮.০২.২০২৩ খ্রি. পর্যন্ত। | ২৬ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ থেকে পরবর্তী ৩(তিন) কার্যদিবসের মধ্যে<br>(০৯.০২.২০২৩ খ্রি. থেকে পরবর্তী ৩(তিন) কার্যদিবসের মধ্যে)<br>(সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত) |

### ১৪৩০-১৪৩২ বঙ্গাব্দ মেয়াদে সাধারণ আবেদনের মাধ্যমে ইজারাযোগ্য জলমহালের তালিকা

| ক্রম | উপজেলা | জলমহাল | আয়তন | সরকারি ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | নেত্রকোণা সদর | মাগুরা | ৫২.৩৬ | ২৭,৬৭৮.০০ | কোনো জলমহালের বিষয়ে আদালত কর্তৃক নিষেধাজ্ঞা/ভিন্ন কোনো সিদ্ধান্ত বা মন্ত্রণালয় কর্তৃক অন্য কোনো সিদ্ধান্ত থাকলে জলমহালটি তালিকা থেকে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে। |
| ২. | বারহাট্টা | রাঙ্গাদাইর | ৩৭.২৮ | ৩৪,১৭৮.০০ | |
| ৩. | | অতীতপুরের নীম | ২৪.৩০ | ৯,২১৫.০০ | |
| ৪. | | ছাতিগাঁও | ২৭.০০ | ২,১০০.০০ | |
| ৫. | | জল জালালাবাদ | ৪৫.১৭ | ৩,৩৬৪.০০ | |
| ৬. | আটপাড়া | চারিয়া বিল | ৩৬.০১ | ২০,৪৭৫.০০ | |
| ৭. | মদন | দেওসহিলা | ২৭.৯৮ | ১,৯৪,৩২১.০০ | |
| ৮. | পূর্বধলা | চেচুয়া বিল ও চন্দ্রকোণার ডোবা | ২৭.৮৭ | ২,৮৯০.০০ | |
| ৯. | দূর্গাপুর | চিনাকুড়ি বিল | ২২.০০ | ৬,৩০০.০০ | |
| ১০. | | কাকুরিয়াকান্দা নদী | ২০.১২ | ১৩,৬৭৭.০০ | |
| ১১. | | জলা বিল | ৩২.০০ | ১৪,৫৮৭.০০ | |
| ১২. | | কাবর বিল | ২২.০০ | ৫,২৫০.০০ | |
| ১৩. | কলমাকান্দা | বড়ইউন্দ দিঘর ঝাংড়া গ্রুপ | ২২.৯৩ | ৪,৫৪,১৪৯.০০ | |
| ১৪. | মোহনগঞ্জ | গজারিয়া বিল | ৫০.৯৯ | ৫৯,৩২,৫০০.০০ | |
| ১৫. | | বরান্তর মরাধনু | ২২২.৮৭ | ৬৫,৫৬,৬৮৫.০০ | |
| ১৬. | খালিয়াজুরী | চাকুয়া গ্রুপ | ১৮২.৬২ | ২৮,১১,৬৬৪.০০ | |
| ১৭. | | জগন্নাথপুর গ্রুপ | ১৯৬.৮১ | ৪৩,৭৪,৩৪৮.০০ | |
| ১৮. | | মাখলাইন | ৯৪.৭৫ | ৩০,৭৩,৫০৮.০০ | |
| ১৯. | | মরাধনু জগন্নাথ পুরের ঘোনা | ৪২.০০ | ১১,৩৮,৫১১.০০ | |
| ২০. | | ফেনী বিল | ৯৫.৬১ | ৫,৯৩,১৬৮.০০ | |
| ২১. | | উজান বালই | ২৬.২৭ | ৮,৮৯,০০১.০০ | |

শর্তাবলী :-

১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর সকল শর্তাদি প্রতিপালন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

২. অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। বিজ্ঞপ্তিটি (www.netrokona.gov.bd) ওয়েবসাইটেও পাওয়া যাবে।

৩. আবেদনকারী কর্তৃক জলমহালটি সরজমিন পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তির পর জলমহালের আকার/আয়তন/কোনো অংশ ভরাট হয়ে গেছে/মাছের মড়কে ক্ষতি হয়েছে ইত্যাদি উল্লেখ করে কোনো আবেদন/ক্ষতিপূরণ দাবি করা যাবে না। করলে তা সর্বদা অগ্রাহ্য হবে।

৪. জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক জলমহাল ইজারা প্রদান বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনেরো) দিনের মধ্যে ইজারা গ্রহীতাকে সমুদয় ইজারার অর্থ নির্ধারিত কোডে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধের পর ইজারা গ্রহীতা নিজ উদ্যোগে চুক্তিপত্র সম্পাদনপূর্বক সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি)-এর নিকট হতে জলমহালের দখল বুঝে নিবেন। নির্ধারিত সময়ে ইজারার অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদন/ইজারা বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। কোনো অবস্থাতেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

৫. ইজারা গ্রহীতা সমিতিকে ২য় বৎসরের ইজারামূল্য ও অন্যান্য করাদি ১ম বছরের ১৫ই চৈত্রের মধ্যে এবং ৩য় বছরের ইজারামূল্য ও অন্যান্য করাদি একইভাবে ২য় বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ব্যর্থতায় স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই সরকার নতুন করে এই জলমহাল ইজারা প্রদান করতে পারবে।

৬. সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান এবং ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ ইজারা বিষয়ে প্রদত্ত কোনো নির্দেশনা/ নতুন শর্ত আরোপ, সংযোজন এবং সংশোধন করলে তা কার্যকর হবে।
৭. মামলাভুক্ত জলমহালের ক্ষেত্রে বিজ্ঞ আদালতের আদেশ (যদি থাকে) প্রতিপালন সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।
৮. প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন)-এর সত্যায়িত কপি দাখিল করতে হবে;
৯. নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম ও ঠিকানা (ছবিসহ), নির্বাচিত নির্বাহী/কার্যকরী কমিটির তালিকা (ঠিকানা ও ছবিসহ), সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবিসহ তালিকা এবং সভার কার্যবিবরণী দাখিল করতে হবে;
১০. মৎস্যজীবীদের জাতীয় পরিচয় পত্র দাখিল করতে হবে;
১১. আবেদনকারী সমিতির সকল সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;
১২. সভাপতি, সম্পাদক ও সমিতির নিকট সরকারি কোনো বকেয়া রাজস্ব পাওনা আছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোনো সার্টিফিকেট মামলা আছে কিনা জেলা প্রশাসন কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে;
১৩. আবেদনের সাথে সংশ্লিষ্ট জলমহালের প্রস্তাবিত ইজারা মূল্যের ২০% (শতকরা হারে) জামানত জেলা প্রশাসক, নেত্রকোণা-এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে (মূল কপি) দাখিল করতে হবে।
১৪. ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক রুল অনুসারে), সমিতির গঠনতন্ত্র, সমিতির সভার কার্যবিবরণী দাখিল করতে হবে;
১৫. বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্টসহ কর্তৃপক্ষ কর্তৃক চাহিত যে কোনো কাগজপত্র দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত সংগঠন/সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।
১৬. সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
১৭. সীলগালাকৃত খামের উপরিভাগে 'জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন'; ডানপার্শ্বে জেলা প্রশাসক, নেত্রকোণা' ও বামপার্শ্বের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখিত থাকতে হবে।
১৮. সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক বছরের ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% উৎসে কর পরিশোধ করতে হবে। এক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য করাদি যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে হবে।

১৬/০১/২০২৩

(অঞ্জনা খান মজলিশ)
জেলা প্রশাসক, নেত্রকোণা
ও
সভাপতি
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, নেত্রকোণা।
email:dcnetrokona@mopa.gov.bd

স্মারক নম্বর-৩১.৪৫.৭২০০.০০৮.৩৩.২৫১.২২- ৯৫৬/১(৫০) তারিখ : ১৬ জানুয়ারি ২০২৩।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:
১. জনাব আশরাফ আলী খান খসরু, মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ১৫৮, নেত্রকোণা-২, ও মাননীয় প্রতিমন্ত্রী, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২. জনাব............................................................,মানীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা .........নেত্রকোণা .........।
৩. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫. পুলিশ সুপার, নেত্রকোণা।
৬. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, নেত্রকোণা।
৭. উপজেলা নির্বাহী অফিসার ....................... (সংশ্লিষ্ট সকল), নেত্রকোণা।
৮. উপ-পরিচালক, কৃষি সম্পসারণ অধিদপ্তর/মহিলা বিষয়ক অধিদপ্তর/জেলা সমাজসেবা অধিদপ্তর, নেত্রকোণা।
৯. জেলা মৎস্য কর্মকর্তা/জেলা সমবায় কর্মকর্তা, নেত্রকোণা।
১০. সহকারী কমিশনার (ভূমি), ....................... (সংশ্লিষ্ট সকল), নেত্রকোণা। বিজ্ঞপ্তিটি মাইকযোগে ও ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। প্রেরিত বিজ্ঞপ্তিটি তাঁর উপজেলাধীন সকল মৎস্যজীবী সমবায় সমিতি, ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন ভূমি অফিস এবং সর্বসাধারণের অবগতির জারী করে এসআরের কপি ফেরত দেয়ার জন্য অনুরোধ করা হলো।
১১. জেলা তথ্য অফিসার, নেত্রকোণা। তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্ত মাইকযোগে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১২. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নেত্রকোণা। বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয়ের ওয়েবসাইট-এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৩. জনাব .................................................................................., সদস্য, জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, নেত্রকোণা।
১৪. সম্পাদক, দৈনিক ...যায় যায় দিন..................................................। এ সাথে প্রেরিত বিজ্ঞপ্তিটি আপনার দৈনিক পত্রিকার ভেতরের পাতায় সীমিত পরিসরে ১১ ফন্টে জরুরীভিত্তিতে কেবলমাত্র ০১(এক) দিনের জন্য প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৫. .......................................................................................................................।

১৬/০১/২৩
রেভিনিউ ডেপুটি কালেক্টর
নেত্রকোণা
ও
সদস্য সচিব
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, নেত্রকোণা।